২

দৈনিক জনকণ্ঠ

তারিখ 07 AUG 199
পৃষ্ঠা ৩ কলাম ৫

# শিক্ষাবৃত্তি ফের চালুর দাবিতে বঙ্গবন্ধু কৃষি ভার্সিটিতে বিক্ষোভ

**বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** শিক্ষাবৃত্তি বন্ধ করে দেয়ার প্রতিবাদে এবং পুনরায় তা চালুর দাবিতে বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ের শান্ত ক্যাম্পাস ছাত্রছাত্রীদের বিক্ষোভ মিছিল সমাবেশে বর্তমানে উত্তপ্ত হয়ে উঠেছে। গাজীপুরস্থ এই ক্যাম্পাসে ছাত্র রাজনীতি সম্পূর্ণ নিষিদ্ধ থাকায় 'সূচনা' নামক একটি অরাজনৈতিক সংগঠনের ব্যানারে ছাত্রছাত্রীরা আন্দোলন করে যাচ্ছে।

গত মঙ্গলবার 'সূচনা'র আহ্বায়ক মোজাম্মেল হক কবিরের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডঃ আশরাফুল কামালের নিকট শিক্ষাবৃত্তি পুনরায় চালুর দাবিতে স্মারকলিপি দিতে গেলে শিক্ষক ও ছাত্রছাত্রীদের মাঝে ভুলবোঝাবুঝির এক পর্যায়ে উত্তপ্ত বাক্যবিনিময় হলে পরিস্থিতির মারাত্মক অবনতি ঘটে।

ক্যাম্পাসে ব্যাপক পোস্টারিং হয়েছে।